দৈনিক ইনকিলাব

তারিখ 21 FEB 1987

পৃষ্ঠা ... ২ ৫ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশান কেন্দ্র

001

# এবতেদায়ী দাখিল মাদ্রাসা ও বিদ্যালয়ে বছরে ৩টি পরীক্ষা

।। মোস্তাক আহমদ ।।

সরকার দেশের সকল এবতেদায়ী ও দাখিল মাদ্রাসা এবং প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রথম থেকে দশম পর্যন্ত শ্রেণীসমূহে চলতি শিক্ষাবর্ষ থেকে বছরে ৩টি পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। লেখাপড়ার মানোন্নয়ন এবং ছাত্রদের মেধার সঠিক মূল্যায়ণের জন্যেই এ সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানা গেছে। এ সম্পর্কিত একটি সার্কুলার চলতি মাসের প্রথম সপ্তাহের মধ্যেই দেশের সকল প্রাথমিক ও মাধ্যমিক স্কুল এবং সমমানের মাদ্রাসাগুলোতে পৌঁছে গেছে। সরকারী ও বেসরকারী স্কুলে এ সিদ্ধান্ত যুগপৎ কার্যকর হবে। বছরে ৩টি পরীক্ষা নেয়ার পদ্ধতি ইতিপূর্বে খুব কম সংখ্যক স্কুলেই প্রচলন ছিল এবং এ ব্যাপারে সরকারের কোন নির্দেশও ছিল না।

শিক্ষা পরিদপ্তর কর্তৃক ১৯৮৬ সালে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোর উপর দেশব্যাপী পরিচালিত একটি জরীপে এ বিষয়টি সুস্পষ্ট হয়ে উঠলে সরকার এ সিদ্ধান্ত নেন।

তবে সার্কুলারে অন্যথায় কি ব্যবস্থা নেয়া হবে সে ব্যাপারে কিছুই উল্লেখ করা হয়নি।

এ পদ্ধতিতে নির্দিষ্ট সময় অনুসারে শিক্ষাবর্ষকে সমান ৩ ভাগে ভাগ করে প্রত্যেক ভাগের জন্যে আলাদাভাবে পরীক্ষা নেয়া হবে। পরীক্ষার সময়সূচী সাধারণভাবে ৭ থেকে ৮ দিনের বেশী দীর্ঘায়িত করা যাবে না। সার্কুলার মতে প্রথম সাময়িক পরীক্ষা অনুষ্ঠিত হবে ৬ থেকে ১৪ এপ্রিলের মধ্যে। দ্বিতীয় সাময়িক পরীক্ষা এবং দশম শ্রেণীর প্রাক নির্বাচনী পরীক্ষা হবে ২৩ থেকে ৩০ জুলাইর মধ্যে। প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত বার্ষিক পরীক্ষা নেয়ার কথা বলা হয়েছে ২ থেকে ১০ ডিসেম্বরের মধ্যে। তাছাড়া দশম শ্রেণীর নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৫ নভেম্বর থেকে ২ ডিসেম্বরের মধ্যে।

দেশব্যাপী প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের স্কুলসমূহে ক্লাস শুরু হবে জানুয়ারীর প্রথম সপ্তাহে তবে কোন মতেই তা জানুয়ারীর ৮ তারিখের পরে হতে পারবে না।

সরকারেরর এই সিদ্ধান্ত কার্যকর হলে দেশের স্কুলসমূহে লেখাপড়ার মানোন্নীত হবে বলে অভিজ্ঞমহল আশাবাদী।